সংবাদ

তারিখ 30 JUN 2003
পৃষ্ঠা ৮ কলাম ৫

# ডিসি ও বিভিন্ন সংগঠনের প্রতিক্রিয়া

নিজস্ব বার্তা পরিবেশক ঃ গতকাল আদালত বুয়েট ছাত্রী সাবেকুন নাহার সনি হত্যা মামলার রায় দেয়ার পর বুয়েট ক্যাম্পাস অত্যন্ত শান্ত ছিল। ক্যাফেটেরিয়া, শহিদ মিনার, বিভিন্ন ডিপার্টমেন্টে ছাত্রছাত্রীদের উপস্থিতি তেমন একটা দেখা যায়নি। তবে অপ্রীতিকর ঘটনার আশঙ্কায় পুলিশি নিরাপত্তা ব্যবস্থা জোরদার ছিল। পক্ষে বা বিপক্ষে কেউ মিছিল সমাবেশ করেনি। চোখে পড়ার মতো ছিল শুধুমাত্র

ডিসি ঃ পৃঃ ১১ কঃ ৭

## ডিসি ঃ প্রতিক্রিয়া

(১ম পৃষ্ঠার পর)

একটি ব্যানার। ক্যাম্পাসে সনির স্মৃতিফলকের পাশে টানানো এ ব্যানারে লেখা ছিল 'সনি আমরা তোমায় ভুলিনি'।

ক্যাম্পাসে সামান্যসংখ্যক ছাত্রছাত্রী পাওয়া যায়, তাদের কাছে রায়ের প্রতিক্রিয়া জানতে চাইলে তারা বলে সনি হত্যা মামলার যে রায় ঘোষণা করা হয়েছে তাতে তারা খুশি। বুয়েট ছাত্র সংসদের সহ-সাধারণ সম্পাদক উল্লাসের কাছে তার প্রতিক্রিয়া জানতে চাওয়া হলে তিনি জানান, রায়ে কয়েক জনের ফাঁসি ও কয়েকজনের কারাদণ্ড দেয়া হলেও বাকি অনেক অপরাধী ছিল যাদের বিচার হয়নি। সুতরাং এ রায় আমি পুরোপুরি মেনে নিতে পারছি না। তাছাড়া সনি হত্যার বিচারের দাবিতে আন্দোলনকারী ছাত্রদের ওপর যে সব পুলিশ ও সন্ত্রাসীরা হামলা করেছিল তাদের বিচার করা হয়নি।

### ডিসির প্রতিক্রিয়া

আদালত দুপুর ১টায় বুয়েট ছাত্রী সাবেকুন নাহার সনি হত্যার রায় দেয়ার পর ৪টায় বুয়েটের ভিসি প্রফেসর মোহাম্মদ আলী মুর্তজার কাছে তার প্রতিক্রিয়া জানতে চাওয়া হলে তিনি বলেন, তিনি মামলার রায় সম্পর্কে অবগত নন। উল্লেখ্য, ১টায় মামলার রায় ঘোষণা হলেও ৪টা পর্যন্ত তিনি তার ছাত্রী সনি হত্যা মামলার রায় জানতে পারেননি। 'সংবাদ' প্রতিনিধি ভিসিকে মামলার রায় সম্পর্কে অবগত করলে তিনি বলেন, আমার কোন প্রতিক্রিয়া নেই। আর যেহেতু আমি আদালতের রায়ের কোন ডকুমেন্ট পাইনি, সেহেতু আমি ডকুমেন্ট ছাড়া কোন মন্তব্য করতে পারবো না। সাবেকুন নাহার সনি বুয়েটের ছাত্রী ছিল। সন্ত্রাসীদের গুলিতে সে ক্যাম্পাসে নিহত হয়। যেসব সন্ত্রাসীদের কারণে সনি নিহত হয় আদালত গতকাল তাদের ফাঁসি ও যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে।

### বিভিন্ন সংগঠনে প্রতিক্রিয়া

আদালত বুয়েট ছাত্রী সাবেকুন নাহার সনি হত্যা মামলার রায় ঘোষণা করায় বিভিন্ন সংগঠন তাদের প্রতিক্রিয়া ব্যক্ত করেছে।

সন্ত্রাসবিরোধী বুয়েট ছাত্রঐক্য এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে তাদের প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। তারা এ রায়কে ছাত্রদের আন্দোলনের জয় বলে উল্লেখ করেছে। তারা বলে, আমরা এ রায়ের দ্রুত বাস্তবায়ন দেখতে চাই। এছাড়া সনির নামে ছাত্রীহলের নামকরণ ও আন্দোলনকারী ছাত্রদের ওপর বুয়েট কর্তৃপক্ষের আরোপিত অন্যায় শাস্তি প্রত্যাহারের জোর দাবি জানানো হয়।